

এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় : সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা ২য় পত্র (তত্ত্বীয়)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]

ক-বিভাগ : অফিস তত্ত্ব ও ব্যবস্থাপনা

১. নথিকরণ কাকে বলে ? নথিকরণের পদ্ধতিসমূহ বর্ণনা কর । ৮
অথবা,
নোটশিট কী ? নোটশিটের ধাপসমূহ বর্ণনা কর ।
২. মাল খতিয়ান কী ? মাল খতিয়ানের গুরুত্ব বর্ণনা কর । ৮
অথবা,
মেঘনা কেমিক্যাল কোঃ লিঃ এর ২০১৩ সালের মে মাসের মালামাল গ্রহণ ও নির্গমন সংক্রান্ত নিম্নোক্ত তথ্য থেকে 'আগের মাল আগে ছাড়া' পদ্ধতিতে একটি মজুদ খতিয়ান প্রস্তুত কর ।
মে - ১ প্রতি কেজি ১০ টাকা দরে ১০০ কেজি সুতা ক্রয় ।
মে - ৭ প্রতি কেজি ১২ টাকা দরে ২০০ কেজি সুতা ক্রয় ।
মে - ১২ কারখানায় ১৭০ কেজি সুতা ইস্যু করা হলো ।
মে - ১৫ প্রতি কেজি ১৫ টাকা দরে ১৫০ কেজি সুতা ক্রয় করা হলো ।
মে - ২০ কারখানায় ১০০ কেজি সুতা ইস্যু করা হলো ।
মে - ২৫ মজুত পরীক্ষা করে ২০ কেজি সুতা ঘাটতি পাওয়া গেল ।
মে - ২৭ কারখানা থেকে ফেরত ১০ কেজি সুতা ১৫ টাকা দরে ।
মে - ২৮ কারখানায় ইস্যু ১৫ কেজি সুতা ।
৩. অফিস খরচের শ্রেণিবিভাগ বর্ণনা কর । ৮
অথবা,
ফার সিরামিক্স লিঃ এর অফিসে কর্মরত ০৩ জন কর্মচারি—রানা, হাবিবা, লুনা-এর মাসিক মূল বেতন যথাক্রমে ৮০০০ টাকা, ৭৫০০ টাকা এবং ৫০০০ টাকা । নিয়মানুযায়ী তারা মূল বেতনের ৫০% বাড়ি ভাড়া, ২০% নগর ভাতা পায় । তারা প্রত্যেকে মাসিক চিকিৎসা ভাতা ৫০০ টাকা এবং যাতায়াত ভাতা ৩০০ টাকা পায় । প্রত্যেক কর্মচারীকে ভবিষ্যৎ তহবিলে তাদের মূল বেতনের ১০% এবং কল্যাণ তহবিলে ২০০ টাকা অগ্রিম কর্তন করতে হয় । তোমার করণীয় কর্মচারীদের একটি বেতন বিবরণী প্রস্তুত করা ।
৪. নথি কী ? ৪
অথবা, সূচিকরণ কী ?
৫. ছুটির সংজ্ঞা দাও । ৪
অথবা, নৈমিত্তিক ছুটির শর্তাবলি কী কী ?

৬. অধ্যয়ন ছুটি কী ? 8
অথবা, এল পি আর কী ?
৭. ভাউচার কাকে বলে ? একটি নমুনা দেখাও । 8
অথবা, খতিয়ান হিসাব কী ? নমুনা দেখাও ।

খ বিভাগ-অফিসে ব্যবহৃত তথ্য ও প্রযুক্তি

৮. অনলাইন ব্যাংকিং কী ? অনলাইন ব্যাংকিং ব্যবহারের সুবিধাসমূহ বর্ণনা কর । ৮
অথবা, পাওয়ার পয়েন্ট কী ? পাওয়ার পয়েন্টের কাজ বর্ণনা কর ।
৯. স্লাইড বলতে কী বোঝায় ? 8
অথবা, স্লাইড অ্যানিমেশন কী ?
১০. অনলাইন কাকে বলে ? 8
অথবা, ওয়েবসাইট কী ?
১১. স্মার্ট কার্ড কী ? 8
অথবা, অ্যানক্রিপ্টেড ক্রেডিট কার্ড কাকে বলে ।